কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৩ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫৪.৯৯.০১৫.১৬ (অংশ-৫)- ২৫৭

তারিখ : ৩১/০২/১৪২৫ বঙ্গাব্দ
১৪/০৬/২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সভার কার্যবিবরণী বিতরণ।

Non-compliance এর কারণে যে সকল রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে PC ইস্যু স্থগিত রাখা হয়েছে তা প্রত্যাহারের বিষয়ে পর্যালোচনা ও মতামত/ সুপারিশ প্রদানের নিমিত্ত গত ১০/০৪/২০১৮ খ্রি: তারিখের সভার ধারাবাহিকতায় ২২/০৫/২০১৮ খ্রি: তারিখে যুগ্মসচিব (সম্প্রসারণ-৩) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : সভার কার্যবিবরণী।

(মো: মাহবুবুল ইসলাম)
যুগ্মসচিব
ফোন নং-৯৫৬৮৪১১
ই-মেইল-hkbalai99@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কাওরান বাজার, ঢাকা।
০৩। উপ-পরিচালক (রপ্তানি), উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
০৪। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এন্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, রহমানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স (৬ষ্ঠ তলা) ২৮/১/সি/টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা।
০৫। জনাব মঞ্জুরুল ইসলাম, উপদেষ্টা, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এন্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, রহমানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স (৬ষ্ঠ তলা) ২৮/১/সি/টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা।
০৬। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

০১। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অফিস কপি ও মাস্টার ফাইল।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৩ অধিশাখা

বিষয়ঃ Non-compliance এর কারণে যে সকল রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে PC ইস্যু স্থগিত রাখা হয়েছে তা প্রত্যাহারের বিষয়ে পর্যালোচনা ও মতামত/সুপারিশ প্রদানের নিমিত্ত গত ১০/০৪/২০১৮ এবং ২২/০৫/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

১.০ সভাপতি ঃ জনাব বলাই কৃষ্ণ হাজরা, যুগ্মসচিব (সম্প্রসারণ-৩ অধিশাখা), কৃষি মন্ত্রণালয়।

২.০ স্থান ঃ কৃষি মন্ত্রণালয়ের কম্পিউটার ল্যাবে (কক্ষ নং- ৪৩৪, ভবন নং-৪, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

৩.০ তারিখ ঃ ১০/০৪/২০১৮ এবং ২২/০৫/২০১৮ খ্রিঃ

৪.০ সময় ঃ বিকাল ৩.০০ ঘটিকা (উভয় সভার ক্ষেত্রে প্রযোজ্য)।

৫.০ উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক ও খ দ্রষ্টব্য।

৬.০ সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি জানান যে, ১০/০৪/২০১৮ খ্রি: তারিখের সভার ধারাবাহিকতায় আজকের সভাটি আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে তিনি সভায় আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব মুহাঃ আনোয়ার হোসেন খান, উপ-পরিচালক (রপ্তানি) কে অনুরোধ জানান। উপ-পরিচালক (রপ্তানি) জানান যে, ২০১৪ সালের শেষ দিকে বাংলাদেশ হতে ইউরোপীয় ইউনিয়নে রপ্তানিকৃত শাক-সবজি, ফল-মূলে Non-compliance-এর সংখ্যা ক্রমাগতভাবে বৃদ্ধি পায়। পরবর্তীতে ২০১৫ এবং ২০১৬ সালে Non-compliance এর সংখ্যা আরও বেড়ে যায়। এর অন্যতম কারণ হচ্ছে রপ্তানিকারক কর্তৃক PC জাল করা, রপ্তানিকৃত পণ্যে বালাই এর উপস্থিতি এবং পণ্যে মাত্রাতিরিক্ত বালাইনাশকের উপস্থিতি (MRL)। ঐ সময়ে বাণিজ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে অনুষ্ঠিত বেশ কয়েকটি সভার সিদ্ধান্তের আলোকে Non-compliance এর সংখ্যা কমিয়ে আনার বিষয়ে বহু মাত্রিক উদ্যোগ গ্রহণ করা হয়। এর প্রেক্ষিতে PC জালিয়াতির কারণে ৬ টি রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা করা হয় এবং বাণিজ্য মন্ত্রণালয়ের একটি তদন্ত কমিটির সুপারিশের প্রেক্ষিতে ০৯ টি রপ্তানিকারক প্রতিষ্ঠানের ERC (Export Registration Certificate) বাতিল করা হয়। এ ছাড়া আরও ৫২ টি প্রতিষ্ঠানের অনুকুলে PC ইস্যু রহিত আছে। দুই তিন বছর বন্ধ থাকায় রপ্তানিকারকগণের রপ্তানি কার্যক্রম বিঘ্ন ঘটেছে এবং অনেক রপ্তানিকারকগণের রপ্তানিকৃত পণ্যের রেমিটেন্স আমদানিকারকের নিকট আটকা পড়ে আছে।

৭.০ প্রসংগক্রমে জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, উপদেষ্টা, BFVAPEA বলেন, বর্তমানে সমিতি এবং ডিএই এর উদ্ভিদ সংগনিরোধ উইং এর সহযোগিতায় বিভিন্ন এলাকায় কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে শাক-সবজি, ফল-মূল রপ্তানির উদ্দেশ্যে উৎপাদন কার্যক্রম পরিচালিত হচ্ছে। তিনি আশা করেন এই ধরণের কার্যক্রম Non-compliance হ্রাস এবং রপ্তানি বৃদ্ধিতে সহায়তা করবে। সাধারণ সম্পাদক, BFVAPEA রপ্তানির স্বার্থে এই সকল রপ্তানিকারক প্রতিষ্ঠানের অনুকূলে PC ইস্যু রহিতের আদেশ বাতিল করে সুযোগ প্রদান করার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন ভবিষ্যতে এই ধরণের অপরাধমূলক কার্যক্রমের সাথে জড়িত হলে স্থায়ী ভাবে PC ইস্যু বন্ধ রাখার জন্য ব্যবস্থা নেয়া হবে। সভাপতি, BFVAPEA বলেন, রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ থেকে রপ্তানিকৃত পণ্যের অধিকাংশ ইইউ-তে রপ্তানি হয়ে থাকে। কিন্তু বর্তমানে বিভিন্ন কারণে রপ্তানির পরিমাণ কিছুটা হ্রাস পেয়েছে। তন্মধ্যে PC ইস্যু রহিতকরণের কারণে অনেক রপ্তানিকারকের রেমিটেন্স আমদানিকারকের নিকট আটকা আছে। যদি এদেরকে সুযোগ দেয়া হয় তবে রপ্তানি বৃদ্ধির পাশাপাশি আটককৃত রেমিটেন্স পুনরুদ্ধার করে বাংলাদেশের অর্থনীতির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এখন থেকে সমিতি এই বিষয়ে সজাগ দৃষ্টি রাখবে।

৮.০ এ পর্যায়ে রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB)-এর পরিচালক জনাব মোহা: আব্দুর রৌফ সভায় বলেন যে, রপ্তানি বৃদ্ধি করতে হলে রপ্তানিকারকদের অবশ্যই পণ্যের মান বজায় রেখে পণ্য রপ্তানিতে আন্তরিক হতে হবে। তবে কৃষি পণ্য রপ্তানি বৃদ্ধির স্বার্থে যে সকল রপ্তানিকারকের ছোটখাট ভুলত্রুটি রয়েছে তাদেরকে মার্জনা করে পুনরায় রপ্তানির সুযোগ করে দেয়া যেতে পারে।

৯.০ সভাপতি বলেন, রপ্তানি বৃদ্ধি করা দেশের জন্য খুবই জরুরী কিন্তু আমাদের মনে রাখতে হবে আমদানিকারক দেশের শর্ত পালন করেই রপ্তানি কার্যক্রম পরিচালনা করতে হবে। রপ্তানি বৃদ্ধির জন্য ঢালাওভাবে PC স্থগিতকৃত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে পুনরায় PC ইস্যু কার্যক্রম চালু করা হলে বাংলাদেশের কৃষিপণ্য রপ্তানি ইউরোপীয় ইউনিয়নে সম্পূর্নরূপে বন্ধ হয়ে যেতে পারে। সে দিকে লক্ষ্য রেখে অপরাধের ধরণ, অপরাধ না করা বিষয়ে প্রতিষ্ঠানের অঙ্গীকারনামা, ভবিষ্যতে Non-compliance না হওয়ার বিষয়ে প্রতিষ্ঠানের ইতোমধ্যে গৃহীত পদক্ষেপ ইত্যাদি বিবেচনায় কেস টু কেস ভিত্তিতে প্রাথমিক পর্যায়ে স্বল্প পরিসরে PC স্থগিত হওয়া প্রতিষ্ঠানসমূহের আবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ দপ্তর সংস্থার মতামত নিয়ে বিবেচনা করা যেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

১০.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্মোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:	অপরাধের ধরণ, অপরাধ না করা বিষয়ে প্রতিষ্ঠানের অঙ্গীকারনামা, ভবিষ্যতে Non-compliance না হওয়ার বিষয়ে প্রতিষ্ঠানের ইতোমধ্যে গৃহীত পদক্ষেপ ইত্যাদি বিবেচনায় কেস টু কেস ভিত্তিতে প্রাথমিক পর্যায়ে স্বল্প পরিসরে PC স্থগিত হওয়া প্রতিষ্ঠানসমূহের আবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ দপ্তর সংস্থার মতামত নিয়ে বিবেচনা করা যেতে পারে।

১১.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০৬/১৮

(বলাই কৃষ্ণ হাজরা)
যুগ্মসচিব (সম্প্রসারণ-৩ অধিশাখা)
কৃষি মন্ত্রণালয়।

বিষয় : Non-compliance এর কারণে যে সকল রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিরূদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে PC ইস্যু স্থগিত রাখা হয়েছে তা প্রত্যাহারের বিষয়ে পর্যালোচনা ও মতামত/ সুপারিশ প্রদানের নিমিত্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা।

স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪৩৪, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

তারিখ : ২২/০৫/২০১৮ খ্রি:

সময় : বেলা ৩.০০ ঘটিকা।

ক্র:নং	নাম, পদবী ও কর্মস্থল	মোবাইল নম্বর	ই-মেইল	স্বাক্ষর
১.	[illegible]	01711013862	anwarhk60@live.com	[illegible] 22.5.18
২.	[illegible]	[illegible]	dir-commodity@epb.gov.bd	[illegible] 22/5/2018
৩.	[illegible]	01776434339	[illegible]10@yahoo.com	[illegible]
৪.				
৫.				
৬.				
৭.				
৮.				

E:\copy\Backup\Attent to Mitting.doc..doc

পরিশিষ্ট - খ

বিষয় : Non-compliance এর কারণে যে সকল রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে PC ইস্যু স্থগিত রাখা হয়েছে তা প্রত্যাহারের বিষয়ে পর্যালোচনা ও মতামত/ সুপারিশ প্রদানের নিমিত্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা।

স্থান : কৃষি মন্ত্রণালয়ের কম্পিউটার ল্যাব (কক্ষ নং-৪৩৪, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

তারিখ : ১০/০৪/২০১৮ খ্রি:

সময় : বেলা ৩.০০ ঘটিকা।

ক্র:নং	নাম, পদবী ও কর্মস্থল	মোবাইল নম্বর	ই-মেইল	স্বাক্ষর
১.	[illegible]			
২.	এম. এম. [illegible] সভাপতি BFVAPEA	01711671533		[signature]
৩.	মো: মনিরুল ইসলাম Advisor	01776434339	moniruulislam10@yahoo.com	[signature]
৪.	[illegible] সাধারণ সম্পাদক BFVAPEA	01711-524039	MGTCARGO.77@GMAIL.COM	[signature]
৫.	মোঃ আলতাফ হোসেন উপ-পরিচালক [illegible]	01711624982	altaf.bh62@yahoo.com	[signature]
৬.				
৭.				
৮.				